NOV. 22.1999

তারিখ ... ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৪ ... কলাম ... ... ...

141

দৈনিক ইত্তেফাক

## শিক্ষিকাদের শুধু শিক্ষাদানেই নিয়োজিত রাখা হউক

সম্প্রতি প্রাথমিক শিক্ষা অধিদপ্তর হইতে এক নির্দেশ আসিয়াছে। তাহাতে বলা হইয়াছে, সরকারী প্রাথমিক শিক্ষককে প্রতি মাসে অন্তত একটি 'হোম ভিজিট ফরম' পূরণ তথা একজন শিক্ষার্থীর বাড়িতে গিয়া তথ্য সংগ্রহ করিতে হইবে। ঢাকা শহরের অধিকাংশ বিদ্যালয়ে শিক্ষিকার সংখ্যাই অধিক, যাহাদের পক্ষে এককভাবে কাহারো বাসায় যাওয়া অধিকাংশ ক্ষেত্রেই অসম্ভব। এই হোম ভিজিট কর্মসূচী বিশেষ করিয়া সন্ত্রাসপ্রবণ বিভিন্ন এলাকায় খুবই ঝুঁকিপূর্ণ। অন্যান্য কার্যক্রমেও (শিক্ষা ব্যতীত) শিক্ষিকাদের যুক্ত করা হইয়া থাকে, যাহার জন্য শিক্ষার্থীর বাসায় যাওয়ার এই কর্মসূচীও তাঁহাদের জন্য বাধ্যতামূলক। এমতাবস্থায় সার্বিক দিক বিবেচনা করিয়া শিক্ষিকাদের শুধু শিক্ষাদানেই নিয়োজিত রাখিবার জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন মহলের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

প্রভাত চন্দ্র সরকার,
প্রধান শিক্ষক,
শহীদ নবী সরকারী প্রাথমিক বিদ্যালয়,
ঢাকা।